# Pre-Degree Examination 2017
# Tabla (Vocational)

**Time : 2 Hours** **Full Marks : 32**

Questions are of value as indicated in the margin

**১নং প্রশ্ন এবং অন্য যে-কোনো তিনটির উত্তর দাও।**

১। **সংক্ষেপে উত্তর দাও (যে-কোনো আটটি):** ৮x১=৮

(ক) তবলায় কতগুলি গুলি বা গট্টা থাকে ?

(খ) তবলার নীচের অংশটিকে কি বলে ?

(গ) কায়দা কাহাকে বলে ?

(ঘ) তবলার ও বাঁয়ার কালো অংশটিকে কি বলে ?

(ঙ) বিসমপদী তাল কাকে বলে ?

(চ) শুধুমাত্র বাঁয়াতে বাজানো হয় ক'টি বর্ণ ?

(ছ) কোন্ কোন্ বর্ণ একসঙ্গে বাজালে ধা হয় ?

(জ) তোমার পাঠক্রমের কোন্ তালে কোনো ফাঁক বা খালি নেই ?

(ঝ) তোমার পাঠক্রমের কোন্ তালে একাধিক ফাঁক বা খালি আছে ?

(ঞ) উস্তাদ করামত্উল্লা খাঁ-র পিতার নাম কি ?

২। **নীচের যে-কোনো চারটির পরিচয় দাও :** ৪x২=৮

তাল, মাত্রা, সম্, তালি, খালি, পাল্টা।

৩। পূর্ণ বিবরণ সহ চৌতালের ঠায় ও দু'গুণ লয়কারী তাললিপিতে লেখ। ২+৩+৩ =৮

৪। ঝাঁপতালের একটি কায়দা এবং একটি টুকড়ার তাললিপি লেখ। ৪+৪ = ৮

৫। ত্রিতালের ঠেকাটি লিখে তার একটি কায়দা এবং একটি পাল্টা নিয়মানুসারে লিখে দেখাও। ২+৩+৩ =৮

৬। **নীচের যে-কোনো একজন সম্পর্কে যা জান লেখ:** ৮

(ক) পণ্ডিত শান্তা প্রসাদ।

(খ) উস্তাদ মসীত খাঁ।